

## পিআই এবং এনএ সদস্য

এনএ-র বার্তা বহন করা আমাদের অনেক সদস্যদের রিকভারির একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এটা আমাদের সক্ষমতাকে আবিষ্কার ও উন্নত করতে সাহায্য করেছে। আপনার সহায়তায় এনএ-র রিকভারির বার্তাটি অনেক মানুষের কাছে পৌঁছাতে পারে। পিআই কমিটিতে অংশগ্রহণ আপনাকে অন্যান্য মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার সুযোগ দেয়।

### পাবলিক ইনফরমেশন কী?

পিআই কমিটির ভূমিকা হলো জনসাধারণের কাছে এনএ সম্পর্কে স্বচ্ছ ও সঠিক তথ্য যাতে পৌঁছায় তা নিশ্চিত করা। আমাদের ফেলোশিপ সম্পর্কে তথ্যের চাহিদা আগের থেকে অনেক বেশি। কমিটির অংশ হয়ে যে মাদকাসক্ত এখনও কষ্ট পাচ্ছে তাকে আমাদের ফেলোশিপে নিয়ে আসার আনন্দ ভাষায় প্রকাশ করা যায় না, শুধু অনুভব করা যায়।

### একজন এনএ সদস্যের দায়িত্ব কী?

আমরা যখন নিজেদেরকে প্রকাশ্যে এনএ সদস্য বলে পরিচয় দিই, তখন আমাদের আচরণের জন্য আমরা দায়বদ্ধ। এটা এক ধরনের জনতথ্য (পাবলিক ইনফরমেশন)। যারা আমাদের কার্যক্রমের সঙ্গে পরিচিত নয় তাদের কাছে আমরা প্রত্যেকে এনএ-র প্রতিনিধি। আমাদের মিটিং এবং অনুষ্ঠানের জন্য যে জায়গা এবং সুযোগসুবিধাগুলো আমরা ব্যবহার করি, সেগুলো যেভাবে আমরা রক্ষণাবেক্ষণ করি তাও সার্বিকভাবে জনসাধারণের এনএ-র প্রতি দৃষ্টিভঙ্গি প্রভাবিত করে।

নারকোটিকস অ্যানোনিমাস-এর বিষয়ে তথ্য বা উপস্থাপনার জন্য অনুরোধ এলেও আর-এক ধরনের জনতথ্য পরিসেবা (পাবলিক ইনফরমেশন সার্ভিস) দেওয়া হয়। যখন একটি অনুরোধ আসে তখন একজন পিআই কমিটির সদস্যের সাথে যোগাযোগ করা উচিত। যদি কমিটির কোনো সদস্যকে না পাওয়া যায়, অনুরোধটি গ্রুপ সার্ভিস রিপ্রেজেন্টেটিভ (জিএসআর) অথবা এরিয়া চেয়ারপার্সনের কাছে পৌঁছে দেওয়া উচিত। আমরা অনুরোধগুলো এই পদ্ধতিতে পরিচালনা করি কারণ প্রতিটি অনুরোধ তাৎক্ষণিক এবং যথাযথ মনোযোগের দাবি করে। আপনা কোনো অনুরোধ এলে মনে রাখতে হবে যে সেটা ব্যক্তিগত নয় বরং সেটা সামগ্রিকভাবে নারকোটিকস অ্যানোনিমাস-এর কাছে একটা অনুরোধ।

### পরিচয়ের গোপনীয়তার গুরুত্ব কী?

এটা একটি “আমরা” প্রোগ্রাম, এবং পাবলিক ইনফরমেশনের ক্ষেত্রে “আমি পারি না, আমরা পারি” এই ধারণাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সদস্যদের স্বতন্ত্র আচরণে আমাদের পরিচয়ের গোপনীয়তা, যেটা আমাদের আধ্যাত্মিক ভিত্তি, সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

আমরা আমাদের নামের শেষ অংশ বলি না এবং প্রচার মাধ্যমের কাছে নারকোটিকস অ্যানোনিমাস-এর সদস্য হিসেবে আত্মপ্রকাশ করি না। রিকভারির আধ্যাত্মিক প্রোগ্রামের অংশ হিসেবে আমরা আত্মপ্রচার এড়িয়ে আরো বিনয়ের সাথে পরিসেবাদান করি। আমাদের অভিজ্ঞতা বলে, যে

সদস্যরা এনএ-র সদস্যপদকে “মিডিয়া তারকা”-র মতো ব্যবহার করে, তারা রিকভারির আধ্যাত্মিক ভিত্তিকেই বিপর্যস্ত করে এবং একই সাথে জনগণের সামনে এনএ-র রিকভারির একটা ভ্রান্ত ছবি তুলে ধরে।

### সদস্যরা কীভাবে অংশগ্রহণ করবে?

পাবলিক ইনফরমেশন কমিটিতে প্রত্যেক সদস্যের জন্যই জায়গা রয়েছে। পিআই আপনার শ্রম, উপদেশ, মতামত এবং অংশগ্রহণকে মূল্য দেয়। আমরা খোলামনে আপনাকে পিআই কমিটি মিটিং-এ যোগ দিতে আহ্বান জানাই। অন্যান্য সার্ভিস কমিটির মতোই, পিআই-এরও ইচ্ছুক সদস্যদের দরকার।

### কীভাবে কাজ সম্পন্ন হয়?

গ্রুপগুলো প্রায়শই একত্রিত হয়ে একটি এরিয়া সার্ভিস কমিটি (এএসসি) গঠন করে। এএসসি-র একটি সাবকমিটি পাবলিক ইনফরমেশন সার্ভিসগুলো প্রদান করে। পিআই কমিটি তথ্যের জন্য বিভিন্ন সূত্র যেমন ব্যক্তি, প্রতিষ্ঠান এবং প্রচার-মাধ্যম থেকে অনুরোধ পায়।

আমরা জনসাধারণকে যে সব উপায়ে তথ্য দিই:

- ১। ধর্মীয়স্থান, নাগরিক প্রতিষ্ঠান, স্কুল অথবা প্রচার-মাধ্যমের জন্য স্পিকার হওয়ার অনুরোধে সাড়া দেওয়া।
- ২। কীভাবে আমাদের সাথে যোগাযোগ করতে হবে তা জনসাধারণকে জানানোর জন্য পোস্টার, প্রচারপত্র এবং অন্যান্য পাবলিক সার্ভিস ঘোষণা তৈরি এবং বিতরণ করা।
- ৩। লার্নিং ডে ও ওয়ার্কশপ করা।
- ৪। অ্যাডিক্টদের সান্নিধ্যে আসতে পারে এমন মানুষদের মিটিং লিস্ট, তথ্যপূর্ণ চিঠি এবং পুস্তিকা মেইল করা।
- ৫। হসপিটাল এবং ইনস্টিটিউশন কমিটির সাথে সহযোগিতা করা সেইসব প্রকল্পে যেগুলো পরস্পর সম্পর্কিত।
- ৬। যেখানে আলাদা ফোন লাইন অথবা অফিস কমিটি নেই, পিআই কমিটিই একটি ফোনলাইন চালানোর দায়িত্ব নিতে পারে।

এই কার্যক্রমগুলোর যেকোনো একটিতে অংশ নিতে, একজন জিএসআর অথবা আপনার লোকাল পিআই কমিটির যেকোনো সদস্যের সাথে কথা বলুন। আমাদের কাছে যা আছে তা আমরা রক্ষা করতে পারব না যতক্ষণ পর্যন্ত না তা দান করছি। পাবলিক ইনফরমেশন কমিটি সার্ভিস আমাদের ঠিক সেটাই করার সুযোগ দেয়।



**Narcotics Anonymous®**

নারকোটিকস অ্যানোনিমাস

Copyright © 2023 by  
Narcotics Anonymous World Services, Inc.

সর্বস্বত্ত্ব সংরক্ষিতা

World Service Office  
PO Box 9999  
Van Nuys, CA 91409 USA  
T 818.773.9999  
F 818.700.0700  
Website: [www.na.org](http://www.na.org)

World Service Office–CANADA  
Mississauga, Ontario

World Service Office–EUROPE  
Brussels, Belgium  
T +32/2/646 6012

World Service Office–IRAN  
Tehran, Iran  
[www.wsoiran.org](http://www.wsoiran.org)



এটি হল এন এ ফেলোশিপ দ্বারা অনুমোদিত লিটারেচারের একটি অনুবাদ।

Narcotics Anonymous, , , , এবং The NA Way

হল Narcotics Anonymous World Services, Incorporated

এর নিবন্ধিত ড্রেডমার্ক।

ISBN 9781633804036 Bengali (Bangladesh) 7/23

WSO Catalog Item No. BN3115

IP No. 15-BN

পিআই এবং এনএ  
সদস্য